

দেড় মাস পর সাজেক খুলছে আজ

- A Monitor Desk Report

Date: 05 November, 2024



রাঙামাটি: জেলার সাজেকে পর্যটক ভ্রমণের বিধি-নিষেধ প্রত্যাহার করা হয়েছে। ফলে দীর্ঘ দেড় মাস বন্ধ থাকার পর পর্যটকদের জন্য আজ (৫ নভেম্বর)থেকে খুলছে সাজেক ভ্যালি।

নিরাপত্তাজনিত কারণে গত ২০ সেপ্টেম্বর থেকে ১ নভেম্বর পর্যন্ত পর্যটকদের জন্য ভ্রমণ বিধি-নিষেধ ছিল। তবে সাজেকের অবস্থানগত কারণে খাগড়াছড়ির সড়ক ব্যবহার করে এই স্পটে যাতায়াতের ফলে আজ থেকে পর্যটকরা সাজেক যেতে পারবেন। কারণ এদিনই খুলে দেওয়া হচ্ছে খাগড়াছড়ির বিনোদন কেন্দ্রগুলো।

এদিকে গত দেড় মাস পর্যটক না আসায় ৮-৯ কোটি টাকা ক্ষতি হয়েছে বলে জানিয়েছেন ব্যবসায়ীরা। সাজেক পর্যটক সংশ্লিষ্টরা জানান, সাজেকে ১১৬টি হোটেল, রিসোর্ট ও কটেজ রয়েছে। এছাড়া ১৪টির বেশি রেস্টোরাঁ থাকলেও গত দেড় মাস ছিল না কোনো বিক্রি।

সাজেক রিসোর্ট-কটেজ মালিক সমিতির সভাপতি সুপর্ণ দেব বর্মণ বলেন, অবশেষে সাজেকে পর্যটক ভ্রমণের বিধি-নিষেধ খুলতে যাচ্ছে। তবে মনে হচ্ছে না আপাতত ক্ষতি পুষিয়ে নিতে পারবো।

তিনি আরও বলেন, দেড় মাসে আমাদের প্রায় ৮-৯ কোটি টাকা লোকসান হয়েছে। হয়তো বা আরও বেশিও হতে পারে। খরচ কমানোর জন্য ব্যবসায়ীরা অনেক স্টাফকে ছুটি দিয়েছেন। আমার রিসোর্টে ছয়জন স্টাফ ছিল, তাদের মধ্যে চারজনকে ছুটিতে পাঠিয়েছি। দুইজন রয়েছে আপাতত। এভাবে সবাই বেশিরভাগ স্টাফ ছুটিতে পাঠিয়েছে।

রাঙামাটির জেলা প্রশাসক মোহাম্মদ মোশারফ হোসেন খান বলেন, গত ১ নভেম্বর থেকে রাঙামাটিতে পর্যটক ভ্রমণে যে বিধি-নিষেধ ছিল, তা প্রত্যাহার করা হয়েছে। সাজেক রাঙামাটি জেলায় হলেও এর অবস্থানগত কারণে এটি খাগড়াছড়ি জেলার ওপর দিয়ে যেতে হয়, যেহেতু খাগড়াছড়িতে ৫ নভেম্বর থেকে পর্যটকদের জন্য বিধি-নিষেধ খুলে দেওয়া হচ্ছে, তাই আজ (৫ নভেম্বর) থেকে পর্যটকরা সাজেকে ভ্রমণ করতে পারবেন। আর নিরাপত্তা নিয়ে কোনও শঙ্কা নেই বলে তিনি জানান।

